



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, বাগেরহাট।
www.publiclibrary.bagerhat.gov.bd



স্মারক নম্বর : ৪৩.২৬.০১০০.০০১.২৩.০০১.১৮-২০৩
৩০.০৭.২০২৩ খ্রি।

তারিখঃ

বিষয়ঃ ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

জাতীয় শোক দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, বাগেরহাট কর্তৃক রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। অত্র জেলার আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতাঃ

ক্র. ন	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমাদানের স্থান ও তারিখ
১	ক	পঞ্চম-অষ্টম	আমাদের জাতির পিতা	১০০০	প্রতিযোগীদের স্বহস্তে লিখিত রচনা জেলা সরকারি গণগ্রন্থাগার, বাগেরহাট-এ ডাকযোগে/সরাসরি আগামী ১৪.০৮.২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।
২	খ	নবম-দ্বাদশ	স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু	১২০০	
৩	গ	স্নাতক-স্নাতকোত্তর এবং সর্বসাধারণ	বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনে বেগম ফজিলাতুন নেছা মুজিবের অবদান	১৫০০	

খ) চিত্রাংকন প্রতিযোগিতাঃ

ক্র. নং	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	জমাদানের স্থান ও তারিখ
১	ক	অনূর্ধ্ব-৭বছর	উন্মুক্ত	জেলা সরকারি গণগ্রন্থাগার, বাগেরহাট কার্যালয়ে আগামী ১৫.০৮.২০২৩ খ্রি. তারিখ সকাল ১২.০০ ঘটিকায় চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
২	খ	৮-১২ বছর	শিশুদের সঙ্গে বঙ্গবন্ধু	
৩	গ	বিশেষ (প্রতিবন্ধী)	উন্মুক্ত	

শর্তাবলী:


- ১। রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক দিকে লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ২। ছাত্র-ছাত্রীদের রচনা স্টুডেন্ট আইডি কার্ডের ফটোকপি/ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন সহ এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।

৩। রচনা ও চিত্রাংকনে অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, শ্রেণি এবং রোল নম্বর উল্লেখ করতে হবে।

৪। রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক এবং রচনার উপরে প্রতিযোগীদের লিখিত প্রকৃত শব্দসংখ্যা উল্লেখ করতে হবে।

৫। চিত্রাংকন প্রতিযোগিতায় প্রতিযোগীদের কাগজ/আর্টপেপার ব্যতীত চিত্রাংকনের প্রয়োজনীয় অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে সঙ্গে আনতে হবে এবং বয়স প্রমানের জন্য জন্মনিবন্ধন সনদের ফটোকপি দাখিল করতে হবে।

৬। বিজয়ী প্রতিযোগীদের মোবাইল নম্বরে ফোন করে ফলাফল ও পুরস্কার বিতরণের তারিখ ও সময় জানিয়ে দেয় হবে।



৩০.০৭.২০২৩

(মোঃ বেলায়েত

হোসেন)

লাইব্রেরিয়ান

ফোনঃ ০২৪৭৭৭৫১০৬৩